388

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... APR. 1 6, 1998

পৃষ্ঠা ৩ কলাম ৭

# ঢাকা ভার্সিটিতে এ বছর নতুন সাত বিষয়ে অনার্স চালু হচ্ছে

মামুন-অর রশীদ

চলতি বছর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরও নতুন সাতটি বিষয়ে অনার্স চালু হচ্ছে। এর আগে গতবছরও তিনটি নতুন বিষয়ে অনার্স প্রোগ্রাম চালু হয়েছে। আধুনিক বিশ্ব ব্যবস্থার সঙ্গে তাল মিলিয়ে চলা এবং চলমান জ্ঞান-বিজ্ঞান ও সংস্কৃতির সঙ্গে সম্পর্ক রেখে বিশ্ববিদ্যালয়কে আধুনিকায়নের অংশ হিসাবে এই বিভাগসমূহ খোলা হচ্ছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

চলতি বছর যে বিষয়গুলো চালু হচ্ছে সেগুলোর মধ্যে রয়েছে কম্পারেটিভ রিলিজিয়ন, পপুলেশন সায়েন্সেস, পিস এ্যান্ড কনফিলিক্ট রেজুলেশন, লিবারেশন এ্যান্ড বাংলাদেশ স্টাডিজ, আমেরিকান স্টাডিজ, ডিপার্টমেন্ট অব টেকনোলজি এ্যান্ড জেনিটিক ইঞ্জিনিয়ারিং এবং ব্যাংকিং এ্যান্ড ইনস্যুরেন্স, এই সাতটি বিষয়ের মধ্যে ছ'টি বিভাগের বিষয়ে একাডেমিক কাউন্সিলে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হয়েছে। ব্যাংকিং এ্যান্ড ইন্স্যুরেন্স বিষয়টিও খুব শীঘ্রই একাডেমিক কাউন্সিলে পাস করা হবে বলে জানা গেছে। গত বছর বিশ্ববিদ্যালয়ে চালু হয়েছে নতুন তিনটি বিষয় হেলথ ইকোনমিকস, ক্লিনিক্যাল সাইকোলজি এবং ফিসারিজ এ্যান্ড একুয়াকালচার।

কম্পারেটিভ রিলিজিয়ন বিষয়টি ধর্মতত্ত্ব নিয়ে পাঠদান ও গবেষণা করা হবে। এই বিষয়টি চালু করার জন্য পোপ জন পলের সেক্রেটারি বিশপ মাইকেল ফিজারাও উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর সঙ্গে ১০ এপ্রিল সাক্ষাত করে তাকে অভিনন্দন জানিয়েছেন। এ বছর জুন-জুলাই মাসে পপুলেশন সায়েন্সেস বিষয়টিতে মাস্টার্সে ৩০ জন ছাত্র ভর্তি করা হচ্ছে। যে কোন বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে অনার্স পাস করা ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষার মাধ্যমে এখানে এ বছর ভর্তি হতে পারে। পিস এ্যান্ড কনফিলিক্ট রেজুলেশন বিষয়টির সঙ্গে আন্তর্জাতিক সম্পর্ক বিষয়টির কিছু সাদৃশ্য রয়েছে। এই বিষয়টিও অনেকটা কূটনৈতিক শিক্ষা বিষয়ক। দেশে দেশে, জাতিতে জাতিতে যুদ্ধ হানাহানি, দখলদারিত্ব এসবের অবসানের বিষয়ে শিক্ষা দেয়া হবে। লিবারেশন এ্যান্ড বাংলাদেশ স্টাডিজ বিষয়টিতে ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, যুদ্ধপরবর্তী ঘটনা-দুর্ঘটনা, বাংলাদেশের ইতিহাস ঐতিহ্য নিয়ে পাঠদান করা হবে। আমেরিকান স্টাডিজ বিষয়টিতে আমেরিকার ঐতিহ্য সমাজ-সংস্কৃতি বিষয়ে পড়ানো হবে। এই সব বিষয়সমূহে ছাত্রভর্তির পাশাপাশি পূর্বের কিছু বিষয়ে ছাত্রভর্তি কমানো হতে পারে বলে জানা গেছে।